

খুবিতে চালু হচ্ছে স্মার্টকার্ড

১০ সেপ্টেম্বর ২০২৩ ১২:০০ এএম

আপডেট: ১০ সেপ্টেম্বর ২০২৩ ১২:০৭ এএম



advertisement..

খুলনা বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে স্মার্টকার্ড। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের এই কার্ডের আওতায় আনা হচ্ছে। ইতোমধ্যে এ উপলক্ষে প্রয়োজনীয় তথ্যও সংগ্রহ করা হয়েছে। দ্রুত সব প্রক্রিয়া সম্পন্ন করে এ কার্ড সিস্টেম চালু হবে বলে মনে করছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। স্মার্টকার্ডে শিক্ষার্থীদের নাম, নিবন্ধন নম্বর, আইডি কোড, ছবি, ডিসিপ্লিন, হল কোড, বর্ষ ও ব্যক্তিগত সব তথ্য সংরক্ষণ করা হবে। এ ছাড়া শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রেও প্রয়োজনীয় ব্যক্তিগত সব তথ্য থাকবে এই স্মার্টকার্ডে। এটি ব্যবহার করে প্রাথমিক পর্যায়ে লাইব্রেরিতে চেক ইন-চেক আউট, সেলফ বুক ইস্যু, সেলফ বুক রিটার্ন, অটো গেট পাস, বুক হোল্ডিংয়ের মতো সুবিধাগুলো পাওয়া যাবে। পরবর্তী সময় পর্যায়ক্রমে মেডিক্যাল সুবিধা, জিমনেশিয়াম, আবাসিক হল, ইন্টারনেট সার্ভিসসহ বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধার আওতায় আসবে। ইতোমধ্যে কার্ড তৈরির জন্য সব ডিসিপ্লিন, আবাসিক হল ও দপ্তর থেকে প্রয়োজনীয় সব তথ্য সংগ্রহ করা হয়েছে। খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ আধুনিক প্রযুক্তিনির্ভর ‘স্মার্ট বাংলাদেশ’ গড়ার যে অভিলক্ষ্যে দেশকে এগিয়ে নিচেন্ন N তা বাস্তবায়নে সব পর্যায় থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে। বাংলাদেশকে সব দিক থেকে স্মার্ট দেশে পরিণত করার মূল চাবিকাঠি হলো ডিজিটাল সংযোগ। খুলনা বিশ্ববিদ্যালয়কে ডিজিটালাইজেশনের জন্য স্মার্টকার্ডের আওতায় আনার এই উদ্যোগ স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে দেশকে আরও একধাপ এগিয়ে নেওয়ার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। খুলনা প্রতিনিধি